

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৮৫

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৯. যৌথ ব্যবসা ও উকিল নিযোগ করা - যাকাতদাতাদের কাছ থেকে যাকাত উসুল করার জন্য কোন ব্যক্তিকে নিয়োজিত করার বৈধতা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ قَالَ: بَعَثَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ عُمَرَ عَلَى الصَّدَقَةِ ... الْحَديثَ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1468)، ومسلم (983)، واللفظ المذكور لمسلم، وليس في لفظ البخاري ذكر «عمر»، وتمام الحديث عندهما: «فقيل: منع ابن جميل وخالد بن الوليد، والعباس [بن عبد المطلب] عم رسول الله حصلى الله عليه وسلم .. فقال رسول الله حصلى الله عليه وسلم .. فقال رسول الله حصلى الله عليه وسلم .. ما ينقم ابن جميل إلا أنه كان فقيرًا فأغناه الله [ورسوله] وأما خالد فإنكم تظلمون خالدًا، قد احتبس أدراعه وأعتاده في سبيل الله. وأما العباس [بن عبد المطلب فعم رسول الله حصلى الله عليه وسلم] فهي علي (رواية: عليه) [صدقة] ومثلها معها. [يا عمر! أما شعرت أن عم الرجل صنو أبيه]. والزيادات الأولى والثالثة والرابعة والخامسة والرواية للبخاري، والثانية والسادسة لمسلم

বাংলা

৮৮৫. আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইমরান (রাঃ)-কে সাদাকা (যাকাত) আদায়ের জন্য নিয়োগ করেছিলেন। (হাদীসটির আরো অংশ রয়েছে)।[1]



ফুটনোট

[1] বুখারী ১৪৬৮, মুসলিম ৯৮৩, ৩৭৬১, নাসায়ী ২৪৬৪, আবূ দাউদ ১৬২৩, আহমাদ ৮০৮৫।

বুখারীর বর্ণনায় রয়েছে, আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকাত দেয়ার নির্দেশ দিলে বলা হলো,

منع ابن جميل وخالد بن الوليد، والعباس [بن عبد المطلب] عم رسول الله حصلى الله عليه وسلم .. فقال رسول الله حصلى الله عليه وسلم .. ما ينقم ابن جميل إلا أنه كان فقيرًا فأغناه الله [ورسوله] وأما خالد فإنكم تظلمون خالدًا، قد احتبس أدراعه وأعتاده في سبيل الله. وأما العباس [بن عبد المطلب فعم رسول الله عليه وسلم ...] فهى على (رواية: عليه) [صدقة] ومثلها معها

ইবনু জামীল, খালিদ ইবনু ওয়ালীদ ও 'আব্বাস ইবনু আবদুল মুক্তালিব (রাঃ) যাকাত প্রদানে অস্বীকার করছে। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : ইবনু জামীলের যাকাত না দেয়ার কারণ এ ছাড়া কিছু নয় যে, সে দরিদ্র ছিল, পরে আল্লাহর অনুগ্রহে ও তাঁর রসূলের বরকতে সম্পদশালী হয়েছে। আর খালিদের ব্যাপার হলো তোমরা খালিদের উপর অন্যায় করেছ, কারণ সে তার বর্ম ও অন্যান্য যুদ্ধান্ত্র আল্লাহর পথে আবদ্ধ রেখেছে।

আর 'আব্বাস ইবনু 'আবদুল মুত্তালিব সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো আল্লাহর রসূলের চাচা। তাঁর যাকাত তাঁর জন্য সদাকাহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন